বাংলা ১ম পত্র (সৃজনশীল)
বিষয় কোড - 101
সময়-২ ঘণ্টা ৩০ মিনিট
পূর্ণমান-৭০

**দ্রষ্টব্য**: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং নিচের প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ক বিভাগ-গদ্য থেকে ন্যূনতম **দুটি**, খ বিভাগ-কবিতা থেকে ন্যূনতম **দুটি**, গ বিভাগ-উপন্যাস ও ঘ বিভাগ-নাটক থেকে ন্যূনতম একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।

## ক বিভাগ-গদ্য

১। তার বড় মেয়ে যুঁথিকার বিয়ে না হলে অন্য দু'মেয়েরও বিয়ে হবে না--এমন মনে হলেই রায়হান সাহেব অসুস্থ হয়ে পড়েন। কিন্তু সম্প্রতি যুঁথিকা ক্যান্সার চিকিৎসার ওপর গবেষণার জন্য জার্মান সরকারের বৃত্তি লাভ করায় বাড়িতে পাত্রের হাট বসে গেছে। কিন্তু যুঁথিকার একটাই কথা---দেশের কল্যাণ আমার প্রধান লক্ষ্য। বিয়ের কথা এখন একদমই ভাবছি না।
(ক) বেহাই সম্পর্কের কী থাকা দোষের?
(খ) নিতান্ত এক ছেলে বলিয়া মা আমাকে ছাড়িতে পারেন নাই।" বলতে কী বোঝানো হয়েছে?
(গ) উদ্দীপকের যুঁথিকার সাথে কল্যাণীর চরিত্রের সাদৃশ্যগত দিকগুলো আলোচনা কর।
(ঘ) উদ্দীপকেও 'অপরিচিতা' গল্পের অনুরূপ নারী স্বাধীনতার বিষয়টি ফুটে উঠছে।" উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর।

২। বীরবল সাহেব জীবদ্দশায় দানবীর হিসেবে পরিচিত ছিলেন। তিনি গরিব-দুঃখী অসহায় মানুষকে উৎসব-অনুষ্ঠানে অকাতরে দান করতেন। বীরবল সাহেবের মৃত্যুর পর তাঁর স্ত্রী লীলার সম্পত্তির অর্ধেক বিক্রি করে এলাকার বেকার গরিব ছেলে-মেয়েদের জন্য একটি কার্যমুখী শিক্ষা প্রতিষ্ঠান চালু করেন। এলাকার ছেলে-মেয়েরা এখন আগের চেয়ে অনেক বেশি স্বাবলম্বী।
(ক) 'র‍্যাশনাল' শব্দটির অর্থ কী?
(খ)
(গ)
(ঘ)

৩। .......... নিরীহ মানুষের শেষ সম্বলও লুটে নিচ্ছে। তাহেরা জানে, এ যুদ্ধে তাকে জিততেই হবে। তাই সে রামদা হাতে প্রহরীর মতো জেগে থাকে।
(ক) 'মাসি-পিসি' গল্পে বর্ণিত বুড়ো লোকটির নাম কী?
(খ) মিনটা ঠেকাতেই ফুরিয়ে আসছে তাদের জীবনীশক্তি।'-উক্তিটির প্রাসঙ্গিকতা লেখ।
(গ) উদ্দীপকের তাহেরার সাথে 'মাসি-পিসি' গল্পের মাসি-পিসির মিল সন্ধান কর।
(ঘ) উদ্দীপক ও 'মাসিপিসি' গল্পের জীবনযুদ্ধ এক হলেও বাস্তবতা ভিন্ন।" মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর।

৪। "রূপনারানের কূলে জেগে উঠিলাম।
জানিলাম এ জগৎ স্বপ্ন নয়।
..................................................................
সত্য যে কঠিন,
কঠিনেরে ভালোবাসিলাম,
সে কখনো করে না বঞ্চনা।
(ক) সবচেয়ে বড় ধর্ম কী?
(খ) "আত্মাকে চিনলেই আত্মনির্ভরতা আসে"----কথাটি ব্যাখ্যা কর।
(গ)উদ্দীপকের সাথে 'আমার পথ' প্রবন্ধের যে বিষয়টির মিল আছে, তা আলোচনা কর।
(ঘ) উশাকের কবিতাংশে 'আমার পথ' প্রবন্ধের সম্পূর্ণভাব ফুটে উঠেছে কি? তোমার মতের পক্ষে যুক্তি দেখাও।

## খ বিভাগ কবিতা

৫। "ফেব্রুয়ারীর একুশ তারিখ
দুপুর বেলার অক্ত
বৃষ্টি নামে, বৃষ্টি কোথায় ?
বরকতের রক্ত।
(ক) শহরের পথে ঘরে ঘরে কী ফুটেছে?
(খ) 'সালামের মুখে আজ তরুণ শ্যামল পূর্ববাংলা।'-উক্তিটি ব্যাখ্যা কর।

proshnobd.com

(গ)
(ঘ)
৬। কে আসে সঙ্গে দেখ দেখ চেয়ে আজ,
কারখানার রাজা, লাঙ্গলের নাবিক,
উত্তাল ঢেউয়ের শাসক উদ্যত বেঠাহাতে মাল্লাদল,
এবং কামার কুমোর তাঁতি। এরাতো সবাই সেই
মেহনতের প্রভু, আনুগত্যে
শাণিত রক্তে ঢল হয়ে যায় বয়ে,
তোমার শিরাময় সারা পথে পথে।
(ক) করতলে কী ছিল?
(খ) কবি প্রবাহমান নদীর কথা বলতে কী বোঝাতে চেয়েছেন? ব্যাখ্যা কর।
(গ) উদ্দীপকের মানুষ আর 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় বর্ণিত পূর্বপুরুষের মধ্যে তুলনামূলক আলোচনা কর।
(ঘ) উদ্দীপকটি 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার মূলবক্তব্যেরই ধারক।" ---মন্তব্যটি বিশ্লেষণ কর।
৭। "জীবনের অতিশয্যে যাহারা দারুন উগ্র সুখে
সাধ করে নিল গরল-পিয়ালা, বর্শা হানিল বুকে।
আষাঢ়ের গিরি-নিঃস্রাব কোনো বাধা মানিল না,
বর্বর বলি যাহাদের গালি পাড়িল ক্ষুদ্রমনা,
কূপ-মন্ডক 'অসংযমী'র আখ্যা দিয়াছে যারে,
তারি তরে ভাই গানে রচে যাই, বন্দনা করি তারে।"
(ক) বিরাট মু.......রা কখন উকি দেয়?
(খ) 'খেঁপে আত্মাকে শপথের কোলাহলে।' ---এখানে কবি কী বোঝাতে চেয়েছেন? ব্যাখ্যা কর।
(গ) উদ্দীপক ও 'আঠারো বছর বয়স' কবিতার সাদৃশ্যগত দিক আলোচনা কর।
(ঘ) উদ্দীপকে 'আঠারো বছর বয়স' কবিতার সম্পূর্ণ ভাবের প্রতিফলন ঘটেনি।" ---উক্তিটির যথার্থতা নিরূপণ কর।

## গ বিভাগ-উপন্যাস (লালসালু)

৮। হালিমা দরিদ্র কৃষাণী। বিয়ের দশ বছর পরও কোনো সন্তান না হওয়ায় এতিম একটা মেয়েকে সে লালন-পালন করে। কিন্তু তার স্বামী অন্যের মেয়েকে যেনে নিতে পারে না। প্রায়ই মেয়েটাকে মারধর করে। এতে হালিমা স্বামীর বিরুদ্ধে রুখে দাঁড়ায়। শুধু মেয়ের জন্য ঘর ছেড়ে চলে যায় বাপের বাড়ি।
(ক)
(খ)
(গ)
(ঘ)
৯। পাকা মসজিদের পুকুর পাড়ে কয়েক ঘর দিনমজুরের মাটির ঘর। রাতে প্রচণ্ড কালবৈশাখী ঝড় আর প্রবল বৃষ্টির তান্ডবে তাদের ঘরের খড়ের চালগুলো উড়ে গেল। অগত্যা ওদের একজন সাহস করে মসজিদের ইমাম সাহেবকে তাদের দুরবস্থার কথা জানালে ইমাম সাহেব মসজিদ খুলে দেন। দিনমজুরের পরিবারেরা মসজিদের ভেতর আশ্রয় পেয়ে খুব এগিয়ে। ইমাম সাহেব তাদের সাথেই সে রাতটা জেগে কাটিয়ে দেন।
(ক) মজিদ কোন মাসে মহব্বতনগর গ্রামে প্রবেশ করে?
(খ) "গরিব মানুষ, খাইবার পাই না।" ---উক্তিটির তাৎপর্য তুলে ধর।
(গ) উদ্দীপকের ঈমাম সাহেব আর 'লালসালু' উপন্যাসের মজিদ চরিত্রের মধ্যে বৈপরীত্য তুলে ধর।
(ঘ) "উদ্দীপক ও 'লালসালু' উপন্যাস আমাদের সমাজবাস্তবতার দুই ভিন্ন মেরু।" ---মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর।

## ঘ বিভাগ - নাটক (সিরাজউদ্দৌলা)

১০। ১৮৩৩ খ্রিস্টাব্দে রংপুর-দিনাজপুর অঞ্চলে সামন্তবাদ ও সাম্রাজ্যবাদবিরোধী সাহসী কৃষক নূরলদীনের সংগ্রামের কথা ইতিহাসে লিপিবদ্ধ রয়েছে। ব্রিটিশবিরোধী আন্দোলনে নূরলদীনের সাহস আর ক্ষোভকে মুক্তিপাগল বাঙালি জাতি আজও ভোলেনি।
(ক) ভগবানের দিব্যি কর্নেল সাহেব তোমরা বড় বেহায়া। ---উক্তিটি কার?
(খ) 'পাবলিকের মনে টেরর জাগিয়ে রাখতে পারাটাই শাসন ক্ষমতার গ্রানাইট ফাউন্ডেশন" ---সংলাপটি দিয়ে নাট্যকার কী বোঝাতে চেয়েছেন?
(গ) উদ্দীপকের নূরলদীনের চেতনার সঙ্গে সিরাজউদ্দৌলার চেতনাগত সাদৃশ্য তুলে ঘর।

proshnobd.com

(ঘ) নবাব সিরাজউদ্দৌলার দেখানো পথই নূরলদীনের সংগ্রামের পথ।" ---মন্তব্যটির পক্ষে যুক্তি দাও।

১১। জান না কি জীব তুমি, জননী জন্মভূমি
সে তোমায় হৃদয়ে রেখেছে।
থাকিয়া মায়ের কোলে, সন্তানে জননী কোলে,
কে কোথায় এমন দেখেছে।
মিছা মণি মুক্তা হেম, স্বদেশের প্রিয় প্রেম,
তার চেয়ে রত্ন নাই আর।

(ক) রোজার ড্রেক কে ছিলেন?

(খ) "আমার সারা অস্তিত্ব জুড়ে কেবল যেন দেয়ালের ভিড়'-উক্তিটি কেন করেছে?

(গ) উদ্দীপকের স্বদেশপ্রেম 'সিরাজউদ্দৌলা' নাটকে কোন চরিত্রে অনুপস্থিত? আলোচনা কর।

(ঘ)

prosnobd.com

বাংলা ১ম পত্র (বহুনির্বাচনী)
বিষয় কোড - 101
সময় - ৩০ মিনিট
পূর্ণমান – ৩০

১। সমাজের ক্ষুদ্রতম ইউনিট কোনটি?
(ক) জাতি (খ) গোষ্ঠী (গ) ব্যক্তি (ঘ) পরিবার

২। লেখকের মতে মানবকল্যাণ হতে পারে না-
i. সম্পর্করহিত ii. বিচ্ছিন্ন iii. স্বয়ম্ভূ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) I, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও:**
জীর্ণবস্ত্রে ক্ষুধার্ত ছোট্ট মেয়েটিকে দেখে পিয়ারা বেগমের নিজের মৃত নাতনীর কথা মনে পড়ে গেল।

৩। উদ্দীপকের পিয়ারা বেগমের সাথে ‘মাসিপিসি’ গল্পের কোন চরিত্রটি সমতা সৃষ্টি করে?
(ক) রহমান (খ) কৈলাশ (গ) জগু (ঘ) বিপিন

৪। 'মাসিপিসি' গল্পের আলোকে উদ্দীপকে প্রকাশিত ভাবকে কী বলা যায়?
i. বাৎসল্য ii. ভালোবাসা iii. শোক
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৫। জেলখানায় বঙ্গবন্ধুর অনশন ধর্মঘটের কারণ কী ছিল?
(ক) দেশের স্বাধীনতা (খ) কারাবন্দিদের মুক্তি
(গ) মাতৃভাষার দাবি (ঘ) ন্যায় বিচারের দাবি

৬। 'রেইনকোট' গল্পে উর্দুর প্রফেসরের নাম কী ছিল?
(ক) নুরুল হুদা (খ) আফাজ আহমদ
(গ) আকবর সাজিদ (ঘ) আব্দুস সাত্তার মৃধা

৭। নুরুল হুদাকে মিলিটারীরা কেন ধরে নিয়ে গিয়েছিলো?
(ক) মুক্তিযোদ্ধাদের সাথে সম্পর্ক থাকায়
(খ) মুক্তিযুদ্ধে অংশগ্রহণ করায়
(গ) প্রিন্সিপালের ষড়যন্ত্রে
(ঘ) রেইনকোট পরায়

**নিচের উদ্দীপকটি পড়ে ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও:**
হাসন রাজা তাঁর মরমী গানের জন্য মানুষের হৃদয়ে বেঁচে আছেন আজও।

৮। উদ্দীপকের মরমী গানকে 'সোনারতরী' কবিতার কোনটির সঙ্গে তুলনা করা যায়?
(ক) ভরানদী (খ) নৌকার মাঝি
(গ) সোনার তরী (ঘ) সোনার ধান..

৯। উদ্দীপক ও ‘সোনারতরী’ কবিতার ভাবগত ঐক্যের কারণ কোনটি?
(ক) অতৃপ্তির বেদনা (খ) কর্মফলের মহিমা
(গ) নিষ্ঠুর নিয়তি (ঘ) জীবনের মায়া

১০। 'বিদ্রোহী' কবিতায় কবি নিজেকে কার দণ্ড বলে অভিহিত করেছেন?
(ক) পরশুরাম (খ) ইস্রাফিল
(গ) ধর্মরাজ (ঘ) পিণাক-পানি

১১। 'বিদ্রোহী' কবিতার মূল চেতনা প্রকাশিত হয়েছে কোন পংক্তিতে?
(ক) সংসারে গড়িব এক নতুন সমাজ
(খ) মোরা একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি
(গ) আমার সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি
(ঘ) সকল দেশের রাণী সে যে আমার জন্মভূমি

১২। 'প্রতিদান' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে সংকলন করা হয়েছে?
(ক) রাখালী (খ) বালুচর
(গ) ধানখেত (ঘ) নকসী কাঁথার মাঠ

১৩। 'প্রতিদান' কবিতায় 'বুকভরা গান' বলতে কী বুঝানো হয়েছে?
(ক) আশ্রয় (খ) উপহার (গ) সুখ (ঘ) ভালোবাসা

১৪। গঠনরীতির দিক থেকে 'তাহারেই পড়ে মনে' কোন ধরনের রচনা?
(ক) বর্ণনানির্ভর (খ) সংলাপনির্ভর
(গ) সুর-তালনির্ভর (ঘ) আবেগনির্ভর

**নিচের উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:**
নব নবীনের গাহিয়া গান
সজীব করিব মহাশ্মশান,
আমরা দানিব নতুন প্রাণ
বাহুতে নবীন বল।

১৫। ‘আঠারো বছর বয়স’ কবিতার কোন বৈশিষ্ট্য উদ্দীপকে ফুটে উঠেছে?
(ক) আত্মপ্রত্যয় (খ) সহনশীলতা
(গ) সাহসিকতা (ঘ) উদারতা

১৬। নিচের কোন পংক্তিতে উক্ত বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে?
(ক) এ বয়স কাঁপে বেদনায় থরোথরো
(খ) আঠারো বছর বয়সে কানে আসে কত মন্ত্রণা
(গ) আঠারো বছর বয়স যে দুর্বার
(ঘ) এ-দেশের বুকে আঠারো আসুক নেমে

১৭। 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় কে শূন্যে ফ্লাগ তোলে?
(ক) জব্বার (খ) রফিক (গ) বরকত (ঘ) সালাম

১৮। 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় 'অবিনাশী বর্ণমালা' কীসের প্রতীক?
(ক) ধৈর্য (খ) শক্তি (গ) ভালোবাসা (ঘ) প্রতিবাদ

১৯। 'লালসালু' উপন্যাসে মজিদ কার ভয়ে শঙ্কিত হয়?
(ক) আওয়ালপুরের পির (খ) জমিলা
(গ) আক্কাস (ঘ) খালেক বেপারী

২০। মজিদ কখন আওয়ালপুর পৌঁছেছিলো?
(ক) সূর্যোদয়ের সাথে সাথে (খ) সূর্য হেলে পড়লে

prosnobd.com

(গ) দুপুরের পূর্বে (ঘ) সূর্য ডুবে গেলে

২১। "কী মিয়া, তোমার দিলে কি ময়লা আছে?" মজিদের এই উক্তিতে 'ময়লা' কী অর্থে ব্যবহৃত হয়েছে?
(ক) হিংসা (খ) সন্দেহ (গ) পাপ (ঘ) রাগ

২২। মিরজাফরের গুপ্তচর কে?
(ক) উমর বেগ (খ) কমর বেগ
(গ) মানিক চাঁদ (ঘ) রাইসুল জুহালা

**নিচের উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও:**
একজন বিদেশি হয়েও ডব্লিও.এ.এস ওডারল্যান্ড বাংলাদেশের মুক্তিযুদ্ধে সরাসরি অংশ নিয়েছিলেন।

২৩। উদ্দীপকের ডব্লিও.এ.এস ওডারল্যান্ড 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের অনুরূপ?
(ক) মোহনলাল (খ) মীর মর্দান
(গ) রাইসুল জুহালা (ঘ) সাঁফ্রে

২৪। উদ্দীপকটি 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন বিষয়টিকে ধারণ করেছে?
(ক) দেশপ্রেম (খ) উদারতা
(গ) প্রতিবাদী চেতনা (ঘ) কৃতজ্ঞতা

২৫। 'অপরিচিতা' গল্পে কল্যাণী কোন স্টেশনে নেমেছিল?
(ক) বনগাঁও (খ) কানপুর (গ) হাওড়া (ঘ) শিয়ালদহ

২৬। অধিক বয়স হওয়া সত্ত্বেও কল্যাণীকে মামার পছন্দ করার কারণ ছিল-
i. পণের টাকার প্রতি লোভ
ii. বাবা-মায়ের একমাত্র সন্তান
iii. গুণবতী ও রূপসী
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও:**
সড়ক দুর্ঘটনায় মারাত্মকভাবে আহত মুমূর্ষু হাসানকে রক্ত দেয় জেলেপল্লীর হরিশংকর। হাসানের বাবা এতে রেগে যান।

২৭। উদ্দীপকের হরিশংকর বিলাসী গল্পের কোন চরিত্রের সাথে তুলনীয়?
(ক) মৃত্যুঞ্জয় (খ) ন্যাড়া (গ) বিলাসী (ঘ) খুড়া

২৮। উদ্দীপকে 'বিলাসী' গল্পের কোন সমাজবাস্তবতা প্রতিফলিত হয়েছে?
(ক) রক্ষণশীলতা (খ) কুসংস্কার
(গ) শ্রেণিবৈষম্য (ঘ) জাতিভেদ

২৯। 'আমার পথ' প্রবন্ধে কোনটিকে আমাদের নিষ্ক্রিয় করে ফেলার কারণ বলা হয়েছে?
(ক) পরাধীনতা (খ) পরাবলম্বন
(গ) অলসতা (ঘ) বিশৃঙ্খলা

৩০। 'আমার পথ' প্রবন্ধ অনুসারে প্রকৃত ভীতু কে?
(ক) যে অন্যকে ভয় পায় (খ) যে মিথ্যাকে ভয় পায়
(গ) যে সত্যকে ভয় পায় (ঘ) যে সমাজকে ভয় পায়

prosnobd.com